**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 29-05-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) সারা দেশের সঙ্গে আজ থেকে রাজ্যেও শুরু হয়েছে বিকশিত কৃষি সংকল্প অভিযান ।**

**(২) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গঠনে মহারাজা বীরবিক্রম বিশ্ববিদ্যালয় একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে ।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে সিকিম এবং সমগ্র উত্তর-পূর্ব ভারত দেশের অগ্রগতির এক উজ্জ্বল অধ্যায় হিসেবে আবির্ভূত হচ্ছে ।**

****************************************

**Vikshit Krishi Sangkalpa Avijan :**

কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান আজ ওড়িশার পুরী জেলার সাক্ষীগোপাল থেকে 'বিকশিত কৃষি সংকল্প অভিযানের' সূচনা করেন। মন্ত্রী বলেন, এই অভিযান বিজ্ঞানী এবং কৃষকদের মধ্যে দ্বিমুখী যোগাযোগকে উৎসাহিত করবে। তিনি বলেন, ১৬,০০০ বিজ্ঞানীর একটি দল গঠন করা হয়েছে, যারা গ্রাম থেকে গ্রামে গিয়ে কৃষকদের সঙ্গে যোগাযোগ করবেন। ICAR-এর সহযোগিতায় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রকের এই উদ্যোগটি কৃষিক্ষেত্রে রূপান্তর এবং দেশের খাদ্য সুরক্ষার দিকে একটি দৃঢ় পদক্ষেপ।

* * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * *

**Pakage Story-Vikshit Krishi Sankalp Abhiyan :**

সারা দেশের সঙ্গে আজ থেকে রাজ্যেও শুরু হয়েছে বিকশিত কৃষি সংকল্প অভিযান। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা সিপাহীজলা জেলার বিশ্রামগঞ্জ শচীন দেব বর্মন স্মৃতি কলাক্ষেত্রে রাজ্যভিত্তিক এই অভিযানের সূচনা করেন। সারা রাজ্যে ২৪টি কৃষি রথ জেলা ও মহকুমাগুলিতে পরিক্রমা করবে। এই অভিযান চলবে আগামী ১২ই জুন পর্যন্ত। এ নিয়ে আমাদের একটি প্রতিবেদন।

########VC#########

******************************

**Convocation–University :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গঠনে মহারাজা বীরবিক্রম বিশ্ববিদ্যালয় একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। আজ রবীন্দ্র শতবার্ষিকী ভবনে মহারাজা বীরবিক্রম বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি একথা বলেন। জাতীয় শিক্ষানীতির ও প্রশংসা করেন তিনি।

######Byte–Governor######

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেন, রাজ্য সরকার মহারাজা বীরবিক্রম বিশ্ববিদ্যালয়কে সার্বিকভাবে গুণমানসম্পন্ন একটি উন্নত বিশ্ববিদ্যালয় হিসাবে গড়ে তোলার উদ্যোগ গ্রহণ করেছে। এক্ষেত্রে সুদূরপ্রসারি পরিকল্পনা নিয়ে এগোচ্ছে সরকার। শিক্ষার্থীদের ক্যারিয়ারের সুযোগ আরও প্রসারিত করতে এমবিবি বিশ্ববিদ্যালয়ে বিবিএ, এমবিএ, বি.সিএ, এম.সি.এ, বি.এস.সি এবং বায়োটেকনোলজিতে এম.এস.সি কোর্স চালু করার পরিকল্পনার কথাও মুখ্যমন্ত্রী উল্লেখ করেন। সমাবর্তন উৎসবে ১৩৫ জন কৃতীকে একাডেমিক শ্রেষ্ঠত্বের জন্য পদক দিয়ে সম্মানিত করা হয়। অনুষ্ঠানে ত্রিপুরা হাইকোর্টের বিচারপতি টি. অমরনাথ গৌড়কে ডিগ্রি অব লিটারেচার সম্মানে ভূষিত করা হয়।

******************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*****************************

**PM-Tour :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে সিকিম এবং সমগ্র উত্তর-পূর্ব ভারত দেশের অগ্রগতির এক উজ্জ্বল অধ্যায় হিসেবে আবির্ভূত হচ্ছে। আজ সিকিম @50 ইভেন্টে ভার্চুয়াল ভাবে ভাষণে গিয়ে প্রধানমন্ত্রী বলেন যে কেন্দ্র সিকিমের উন্নয়নে পূর্ণ সমর্থন দিচ্ছে। তিনি বলেন, ভারতকে 'বিকশিত' করে তুলতে দেশের প্রতিটি রাজ্য এবং অঞ্চলের সুষম উন্নয়ন করা প্রয়োজন। শ্রী মোদী বলেন, ভারতের প্রতিটি রাজ্য এবং অঞ্চলের নিজস্ব বিশেষত্ব রয়েছে এবং তাই, আমাদের সরকার উত্তর-পূর্বকে উন্নয়নের কেন্দ্রবিন্দুতে নিয়ে এসেছে। সিকিমের যাত্রার কথা স্মরণ করে প্রধানমন্ত্রী বলেন, "গত ৫০ বছরে, সিকিম প্রকৃতি এবং অগ্রগতির একটি মডেল হয়ে উঠেছে।"

######Byte-PM#####

প্রধানমন্ত্রী ভার্চুয়াল মাধ্যমে সিকিমে একাধিক উন্নয়ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন এবং উদ্বোধন করেন। উল্লেখ্য, গ্যাংটকে এই অনুষ্ঠানে যোগ দেওয়ার

কথা থাকলেও, প্রতিকূল আবহাওয়ার কারণে তিনি বাগডোগরা থেকে ভার্চুয়াল ভাবে সমাবেশে ভাষণ দেন।

প্রধানমন্ত্রী আজ জয়প্রকাশ নারায়ণ আন্তর্জাতিক পাটনা বিমানবন্দরের নতুন টার্মিনাল ভবনের উদ্বোধন করেন। প্রধানমন্ত্রী ১,৪১০ কোটি টাকারও বেশি ব্যয়ে নির্মিত বিহতা বিমানবন্দরের নতুন সিভিল এনক্লেভের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে রাজ্যপাল আরিফ মোহাম্মদ খান, মুখ্যমন্ত্রী নীতিশ কুমার, অসামরিক বিমান পরিবহন মন্ত্রী কে. রামমোহন নাইডুও উপস্থিত ছিলেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ পশ্চিমবঙ্গের আলিপুরদুয়ার জেলার আলিপুরদুয়ার প্যারেড গ্রাউন্ডে শহর ভিত্তিক গ্যাস বিতরণ প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন। ১০১৭ কোটি টাকার এই প্রকল্পটি পশ্চিমবঙ্গের আলিপুরদুয়ার এবং কোচবিহার জেলার জনগণকে উপকৃত করবে।

****************************

**Late Dhabal Krishna :**

প্রয়াত হলেন রাজ্যের বিশিষ্ট সাহিত্যিক, প্রাবন্ধিক ও সঙ্গীতজ্ঞ ধবল কৃষ্ণ দেববর্মা। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৪ বছর। গতকাল গভীর রাতে জিবি হাসপাতালে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। তাঁর মৃত্যুতে রাজ্যের সাহিত্য ও সাংস্কৃতিক জগতে গভীর শোকের ছায়া নেমে আসে। আজ সকালে তার মৃতদেহ টাউন হল সংলগ্ন বাড়ি থেকে রবীন্দ্র শতবার্ষিকী ভবন প্রাঙ্গনে আনা হলে সেখানে তাকে গুণমুগ্ধরা শেষ শ্রদ্ধা জানান। মেলারমাঠে সি.পি.আই.এম রাজ্য কার্যালয়ে সি.পি.আই.এম নেতৃবৃন্দও তাঁর মরদেহে পুষ্পস্তবক দিয়ে শেষ শ্রদ্ধা জানান। এরপর বটতলা মহাশ্মশানে শেষকৃত্য সম্পন্ন হয়। ধবল কৃষ্ণ দেববর্মা মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার। তাছাড়া ত্রিপুরা পাবলিশার্স গিল্ড, ত্রিপুরা রবীন্দ্র পরিষদের পক্ষ থেকেও গভীর শোক ব্যক্ত করা হয়।

****************************

**TBSE :**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের বছর বাঁচাও পরীক্ষা আগামী ৩০শে জুন থেকে শুরু হবে। পর্ষদের এবছরের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার পুনঃমূল্যায়নের ফলাফল আগামীকাল দুপুর ২টায় প্রকাশ করা হবে। পর্ষদ সচিব দুলাল দে আজ এখবর জানিয়েছেন।

***************************

**JC Cricket :**

টিসিএ পরিচালিত জেসি মেমোরিয়াল লিগ ক্রিকেট প্রতিযোগিতার দুটি খেলাই ড্র হয়েছে। আজ নিম্নচাপের বৃষ্টিতে দুই মাঠেই তৃতীয় দিনের খেলা হয় নি। ফলে ব্লাডমাউথ ক্লাবের বিরুদ্ধে লিড নিয়ে ড্র করেছে স্ফুলিঙ্গ ক্লাব। অপরদিকে ইউনাইটেড ফ্রেন্ডস বনাম সংহতি ক্লাবের ম্যাচটি প্রথম ইনিংস শেষ না হওয়ায় ড্র হয়।

****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের পশ্চিম, খোয়াই এবং সিপাহীজলা জেলায় বিক্ষিপ্তভাবে ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করা হয়েছে। এছাড়া রাজ্যের সব জেলায় কিছু কিছু জায়গায় ভারী থেকে অতি ভারী বৃষ্টি সঙ্গে ঘন্টায় ৫০ থেকে ৬০ কিলোমিটার বেগে দমকা হাওয়া বয়ে যাওয়ার সর্তকতা জারি করা হয়েছে। আগামীকাল সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩ ডিগ্রি সেলসিয়াস সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৭ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.৬ ডিগ্রি সেলসিয়াস। সকাল সাড়ে আটটা থেকে দুপুর আড়াইটা পর্যন্ত আগরতলায় বৃষ্টি হয়েছে ১৪.৪ মিলিমিটার।

******************************